

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৭

তারিখঃ ১৭ ভাদ্র, ১৪২০
০১ সেপ্টেম্বর, ২০১৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের আন্তঃব্যাংক কল মানি মার্কেটে অংশগ্রহণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে ০৮/০৬/২০০৫ তারিখের এফআইডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

কল মানি মার্কেট হতে ঋণ গ্রহণের সীমা (Net Asset এর সর্বোচ্চ ১৫%) হিসাবায়নের উদ্দেশ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উপরোক্ত সার্কুলারের (২) নং ক্রমিকের নির্দেশনানুসারে ৩০ জুন ও ৩১ ডিসেম্বর এর স্থিতিপত্র/হিসাব বিবরণীর ভিত্তিতে নির্ণীত **Net Asset** বিবরণী যথাক্রমে ৩১ জুলাই ও ৩১ জানুয়ারী তারিখের মধ্যে দাখিল করতে হয়। এখন থেকে উক্ত **Net Asset** বিবরণী ৩১ জুলাই ও ৩১ জানুয়ারীর পরিবর্তে যথাক্রমে ২৫ জুলাই ও ২৫ জানুয়ারীর মধ্যে শুধুমাত্র অন-লাইনে অত্র বিভাগে দাখিল করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মাহবুব খাতুন)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৪৫